প্রস্তুতি

কিংস ইলেভেন পাঞ্জাবের বিরুদ্ধে ম্যাচের প্রস্তুতি রাজস্থান রয়্যালসের বেন স্টোকসের।

জাড্ডুর জাদুতে বৃথা গেল রানার প্রতাপ

দুবাই, ২৯ অক্টোবর : বদলা? ব্যক্তিগত আক্রোশ? নাকি অন্য কিছু!

রবীন্দ্র জাদেজার (১১ বলে অপরাজিত ৩১) মনের মধ্যে কী কোথাও ফিরে এসেছিল ২০১৯ সালের ১০ জুলাই। যেদিন ম্যাঞ্চেস্টারে নিউজিল্যান্ডের বিরুদ্ধে বিশ্বকাপ সেমিফাইনালে হেরে বিদায় নিয়েছিল টিম ইন্ডিয়া। লকি ফার্গুসনরা সেদিন মহেন্দ্র সিং ধোনির চোখে জল এনে দিয়েছিলেন। আজ ম্যাচের ১৯ নম্বর ওভারে ফার্গুসনের থেকে ২০ রান নিয়ে চেন্নাই সুপার কিংসকে জয়ের পথে নিয়ে যাওয়া, শেষ ওভারে কমলেশ নাগারকোটিকে জোড়া ছক্কা মারার মধ্যে কোথাও যেন সেই বদলা লুকিয়ে। স্যর জাদেজার এমন ফর্ম ও মনোভাবের ফলে কলকাতা নাইট রাইডার্সকে ৬ উইকেটে হারিয়ে প্লে-অফ স্বপ্ন কার্যত শেষ করে দিলেন জাড্ডু। নীতীশ রানার প্রতাপে ১৭২/৫ স্কোরে থেমেছিল নাইটরা। প্লে-অফের স্বপ্ন বাঁচিয়ে রাখতে গেলে জিততেই হবে। শুধু জিতলেই চলবে না, নেট রান রেটে উন্নতি করতে হবে। এমন অবস্থায় দুবাইয়ের মাঠে ধোনির চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে ম্যাচে টসে হেরে ব্যাট করতে নেমে ভালো শুরু নাইটদের। শুরুতে দুই ওপেনার শুভমান গিল (১৭ বলে ২৬), নীতীশ (৬১ বলে ৮৭) বড় রানের ভিতটা গড়ে দিয়েছিলেন। পরে ইয়োন মরগ্যান (১২ বলে ১৫) ও দীনেশ কার্তিকের (১০ বলে অপরাজিত ২১) ব্যাটে ভর দিয়ে শেষ ৫ ওভারে ৬৬ রান করে নির্ধারিত ২০ ওভারে ১৭২/৫-এর বড় স্কোরে পৌঁছে গিয়েছিল কলকাতা নাইট রাইডার্স। কিন্তু জাড্ডুর জাদুতে শেষরক্ষা হল না।

শুভমান, নীতীশ রানার ওপেনিং জুটি ভাঙার পরই চাপ তৈরি হয়েছিল নাইটদের ব্যাটিং। তিন নম্বরে সুনীল নারায়ণকে (৭ বলে ৭) নামানোর ফাটকা কাজে আসেনি। মরশুমে প্রথমবার সুযোগ পেয়ে চার নম্বরে নামার পর রিঙ্কু সিংও ব্যর্থ। ঠিক যখন নাইটদের ওপর চাপ তীব্র হয়েছিল, ফের ব্যাটিং শোভাযাত্রা শুরু হবে কি না আলোচনা চলছিল, নীতীশ রানা ভরসা দিলেন দলকে। সেট হতে কিছুটা সময় নিয়েছিলেন শুরুতে। পরে স্ট্রোকের ফুলঝুরি বেরিয়ে এল তাঁর ব্যাট থেকে। কুড়ির ক্রিকেটের আদর্শ কিছু শট দেখালেন নীতীশ। ধোনির দলের স্পিনারদের বিরুদ্ধে একটু বেশিই নির্দয় ছিলেন তিনি। মোট ১০টি বাউন্ডারি ও ৪টি ছক্কা রানার আগ্রাসী ব্যাটিংয়ের বড় প্রমাণ। সতীর্থদের ও দলের ওপর থেকে চাপ কাটানোর পাশে চেন্নাইকে পালটা চ্যালেঞ্জ ছুড়ে দিলেন তিনি। যদিও ধোনির দলের বোলাররা কোনও এক অজানা কারণে নীতীশ রানার বিরুদ্ধে শর্ট বলের স্ট্র্যাটেজি প্রয়োগই করলেন না। গতকাল সতীর্থদের সঙ্গে অনুশীলন করেছিলেন। আজ খেলা শুরুর আগেও তাঁর ফিটনেস পরীক্ষা হয়েছিল। কিন্তু সফল হননি আন্দ্রে রাসেল। ফলে প্লে-অফ স্বপ্ন বাঁচিয়ে রাখার ম্যাচে ক্যারিবিয়ান দৈত্যকে ছাড়াই প্রথম একাদশ সাজাতে হয়েছিল কেকেআর অধিনায়ক মরগ্যানকে। দলের ব্যাটিংকে ভরসা দেওয়ার জন্য অতিরিক্ত ব্যাটসম্যান হিসেবে রিঙ্কুকে খেলিয়ে চমক দিয়েছিল শাহরুখ খানের দল। চমক কাজে আসেনি। পাশাপাশি প্রতিযোগিতার ১৩ নম্বর ম্যাচ খেলতে নামার পর কেকেআর যেভাবে দলের ব্যাটিংঅর্ডার নিয়ে আজও পরীক্ষা চালিয়ে গেল, তা নিশ্চিতভাবেই কোনও ভালো দলের বিজ্ঞাপন হতে পারে না। ওপেনার শুভমান ছাড়া দলে কারও ব্যাটিংঅর্ডারই নির্দিষ্ট নয় বলে বারবার মনে হল। রাহুল ত্রিপাঠী (২ বলে অপরাজিত ৩) প্রশ্ন করতেই পারেন, দল তাঁকে নিয়ে কী ভাবছে। কারণ আট নম্বর থেকে শুরু করে ওপেন, সবই করে ফেলেছেন তিনি। আজ নামলেন সাত নম্বরে। ক্রিকেট দুনিয়ায় নাইটদের স্ট্র্যাটেজি রহস্য তৈরি করছে। জন্ম দিচ্ছে অজস্র জবাব না পাওয়া প্রশ্নের।

মন্থর বাইশ গজ। ইনিংসের শুরু থেকে দীপক চাহার (৩১/০), লুঙ্গি এনগিডিদের (৩৪/২) বল পড়ে ব্যাটে আসছিল না। জাদেজা (২০/১), মিচেল স্যান্টনারদের (৩০/১) মতো স্পিনারদের খেলাও বেশ চ্যালেঞ্জিং ছিল। উপরি হিসেবে ছিল সন্ধ্যা ও রাতের দিকের শিশির। যে কারণে ধোনি টসে জিতে বোলিংয়ের সিদ্ধান্ত নিয়েছিলেন। রান তাড়া করতে গিয়ে সেই কাজটাই করে দেখালেন চেন্নাইয়ের রুতুরাজ গায়কোয়াড় (৫৩ বলে ৭২)। আইপিএল শুরুর আগে করোনা সংক্রামিত হয়ে প্রতিযোগিতার শুরুর দিকে খেলতে পারেননি। পরে সুযোগ পাওয়ার পর মানিয়ে নিতে একটু সময় নিয়েছেন। বিরাট কোহলিদের বিরুদ্ধে শেষ ম্যাচে অসাধারণ ব্যাট করে দলকে জিতিয়েছিলেন। আজ অভিজ্ঞ শেন ওয়াটসনের (১৪) সঙ্গে ওপেন করতে নেমে শেষ ম্যাচের ফর্ম বজায় রাখলেন তিনি। ওয়াটসন ফেরার পর তিন নম্বরে নামা আম্বাতি রায়াডুকে (২০ বলে ৩৮) নিয়ে সুনীল নারায়ণ (২৩/০), বরুণ চক্রবর্তীদের (২০/২) বিরুদ্ধে দলের রান এগিয়ে নিয়ে যাওয়ার কাজটা করলেন রুতুরাজ। রায়াডুর সঙ্গে জুটিতে ৬৮ রান যোগ করে পালটা আক্রমণের রাস্তায় যেতেই চাপে পড়ে গেল কেকেআর। বেশি আগ্রাসনের রাস্তায় গিয়ে রায়াডু ফেরার পর অধিনায়ক ধোনিও (১) ফেরার পর পালটা চাপে চেন্নাই। শেষবেলায় সেই চাপ কাটালেন স্যর জাদেজা।

শেষ বলে ছক্কা হাঁকিয়ে চেন্নাই সুপার কিংসকে জেতালেন রবীন্দ্র জাদেজা।

তিন বছর পর ফিরলেন মোজেস

ভারত সিরিজের অজি দল ঘোষণা

মেলবোর্ন, ২৯ অক্টোবর : সোমবার অস্ট্রেলিয়াগামী দল ঘোষণা করেছিল ভারত। আজ পালা অস্ট্রেলিয়ার। ওডিআই ও টি২০, জোড়া সিরিজের দল ঘোষণা করল তারা। ঘোষিত দলে সবচেয়ে বড় চমক অভিজ্ঞ অলরাউন্ডার মোজেস হেনরিকসের প্রত্যাবর্তন। চোটের জন্য মিচেল মার্শকে পাচ্ছে না অস্ট্রেলিয়া। শূন্যতা পূরণের লক্ষ্যেই মূলত অভিজ্ঞ ২০১৭ সালে শেষবার অস্ট্রেলিয়ার হয়ে খেলা হেনরিকসকে ডাক।

চমক আন্তর্জাতিক ম্যাচ না খেলা অলরাউন্ডার বছর একুশের ক্যামেরন গ্রিনের উপস্থিতি। বিগ ব্যাশ লিগে ভালো খেলার পুরস্কার স্বরূপ গ্রিনের জাতীয় দলে ডাক পাওয়া। নির্বাচক কমিটির প্রধান ট্রেভর হনস বলেন, 'ঘরোয়া ক্রিকেটে এই গ্রীষ্মে খুব ভালো খেলছে ক্যামেরন। ভবিষ্যতের তারকা। অভিজ্ঞতা অর্জনের পাশাপাশি ওকে তৈরি করে নিতে চাইছি আমরা। আর মোজেস দুর্দান্ত ক্রিকেটার। অত্যন্ত অভিজ্ঞ। আদ্যোপান্ত টিমম্যান। গত মরশুমে বিগ ব্যাশেও ভালো খেলেছে।'

চোটের জন্য না থাকা মিচেল মার্শের পাশাপাশি নাথান লায়োন, জোশুয়া ফিলিপ, রিলে মেরেডিথ, অ্যান্ড্রু টাইরা জায়গা পাননি। লায়োনদের বাইরে রেখেই ভারতের বিরুদ্ধে টি২০ ও ওডিআই সিরিজের দল গড়েছে হনস ব্রিগেড।

ঘোষিত দল নিয়ে আত্মবিশ্বাসী হনস বলেন, 'গত ইংল্যান্ড সফরে দল ভালো খেলেছে। বর্তমান বিশ্ব চ্যাম্পিয়ন ইংল্যান্ডকে হারানোর পাশাপাশি টি২০ ফরম্যাটে শীর্ষস্থান ধরে রাখতে সক্ষম হয়েছিলাম। ব্লকবাস্টার ভারত সিরিজেও একইরকম আকর্ষণীয় ক্রিকেটের অপেক্ষায় আমরা।' প্রসঙ্গত, ২৭ নভেম্বর ওডিআই সিরিজের প্রথম ম্যাচ সিডনিতে। ৪ ডিসেম্বর শুরু টি২০ সিরিজের।

ওডিআই ও টি২০ অজি দল ঃ অ্যারন ফিঞ্চ (অধিনায়ক), সিন অ্যাবট, অ্যাস্টন অ্যাগার, অ্যালেক্স ক্যারি, প্যাট কামিন্স (সহ অধিনায়ক), ক্যামেরন গ্রিন, জোশ হ্যাজেলউড, মোজেস হেনরিকস, মার্নাস লাবুশেন, গ্লেন ম্যাক্সওয়েল, ড্যানিয়েল সামস, কেন রিচার্ডসন, স্টিভেন স্মিথ, মিচেল স্টার্ক, মার্কাস স্টোয়িনিস, ম্যাথু ওয়েড, ডেভিড ওয়ার্নার, অ্যাডাম জাম্পা।

MBBS IN RUSSIA
MCI & WHO APPROVED ENGLISH MEDIUM COLLEGE INR 22 LAKH (6 YRS. INCLUDING FOODING & LODGING FULL PACKAGE)
ADMISSION GOING ON : GNM, B.SC. & M.SC. (NURSING), BHMS, BDS, B/D/M PHARMA, MBA, BBA, MHM BHA, MHA BHM, B.ED/M.ED, LL.B (2 YRS), LL.B (5YRS) BPT, RADIOLOGY, LAB TECHNICIAN ETC.
CONTACT IN SILIGURI
73640 04969 / 73840 42940

শ্রাদ্ধানুষ্ঠান

সুদীপ ঘোষ
১৪.১০.১৯৬৪-২০.১০.২০২০

আমাদের পরম শ্রদ্ধেয় ও আদরণীয় 'সুদীপ ঘোষ' গত ২০.১০.২০২০ তারিখে অমৃতলোকে গমন করিয়াছেন।

তাঁর বিদেহী আত্মার শান্তি কামনায় আগামী ৩১.১০.২০২০ তারিখে পান্ডাপাড়াস্থিত নিজ বাসভবনে শ্রাদ্ধানুষ্ঠান অনুষ্ঠিত হবে।

শোক সন্তপ্ত
শিল্পী ঘোষ (স্ত্রী), শরণ্যা ঘোষ (কন্যা) ও অন্যান্য পরিবারবর্গ এবং কর্মীবৃন্দ
STEELCRAFT
AXIAL ENGINEERING CO.
Greentech Enterprises,
Camellia Engineering & Construction co

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়ী হলেন দার্জিলিং-এর বাসিন্দা

পশ্চিমবঙ্গের, দার্জিলিং-এর বাসিন্দা লিটন ঘোষ-কে 24.09.2020 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 93A 17056 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি এক কোটি টাকার প্রথম পুরস্কার পাওয়ায় খুবই উচ্ছ্বসিত। লিটন বললেন, "ডিয়ার সাপ্তাহিক লটারিতে আমি এক কোটি টাকা জিতে খুব-ই আনন্দিত। আমি রোজ বিভিন্ন খবরের কাগজ ও টেলিভিশনে ৫ কোটি, ২ কোটি, ১.৫ কোটি ও ১ কোটি টাকার বিজয়ীদের ছবি ও নাম দেখতাম। এটি খুব বিস্ময়কর ব্যাপার যে ডিয়ার সাপ্তাহিক লটারিতে ২৮৩ জন ১ কোটি টাকা করে জিতেছেন। তাদের মধ্যেই আমিও একজন হয়েছি। একদিন না একদিন সবার-ই ভাগ্য ফেরে, তাই আমি সবাইকে ডিয়ার সাপ্তাহিক লটারি কিনতে উপদেশ দেবো যাতে তারাও একদিন না একদিন কোটিপতি হয়ে ওঠেন।" প্রতিটি ড্র সরাসরি দেখা যায় বলে গোটা প্রক্রিয়াটাই পুরোপুরি স্বচ্ছ।

শুভেচ্ছা

জন্মদিন

☺ **মাহরুফ হোসেন :** তোমার পঞ্চম জন্মদিনে আল্লাহর কাছে কামনা করি তুমি ভালো থেকো, সুস্থ থেকো, দীর্ঘায়ু হও এবং অনেক বড় মাপের মানুষের মতো মানুষ হও। দোয়াসহ – বাবা (টিপু), মা (মেহেবুবা), দাদু-দাদি, নানা-নানি, মামা-মামি ও খালা-খালু। রাজধানীপুর, ধূপগুড়ি, জল।

☺ **দিশিতা (তন্বী) :** ভোরের আলো ছড়িয়ে রবি বলল এসে কানে, পাঁচ বছরে পড়ল তন্বী সবাই কি তা জানে? পৌঁছে দিতে সেই বার্তাই বাতাস দিচ্ছে পাড়ি, ছোট্ট তন্বীকে আশিস দিও বলছে বাড়ি বাড়ি। – বাবা, মা, আম্মা, দাদু, দিদা, মাম মাম, দিদুন, পিপি, পিসান, দিদিয়া, মামা, মাম, বুনু। (বেলাকোবা) হলদিবাড়ি।

☺ **বিতান :** তোমার শুভ জন্মদিনে জানাই প্রাণভরা ভালোবাসা ও আশীর্বাদ। – ঠাকুরদা, ঠাকুমা, দাদু, মামাদাদু, বাবা, মা, মামা। মালবাজার।

অলিম্পিকে ক্রিকেট নিয়ে আলোচনা আইসিসিতে

দুবাই, ২৯ অক্টোবর : অলিম্পিকে ক্রিকেট অন্তর্ভুক্ত করার ব্যাপারে আবার নড়েচড়ে বসেছে আন্তর্জাতিক ক্রিকেট কমিটি (আইসিসি)। আগামী মাসে তাদের বোর্ড মিটিংয়ে এই নিয়ে আলোচনাও হবে বলে জানা গিয়েছে। আইসিসি সম্প্রতি তাদের যাবতীয় সদস্য দেশগুলিকে একটি প্রশ্নাবলি পাঠিয়ে জানিয়েছে, আগামী ২ তারিখের মধ্যে যেন উত্তরগুলি পাঠিয়ে দেওয়া হয়। সূত্রের খবর, একটি প্রশ্নে আইসিসি জানতে চেয়েছে ক্রিকেট অলিম্পিকে অন্তর্ভুক্ত হলে আর্থিকভাবে যে কোনও সদস্য দেশ কতটা লাভবান হবে। এই প্রশ্নের উত্তরে বলা যায়, কিছু দেশ আছে যাদের ক্রিকেট বোর্ড অলিম্পিকে খেলতে রাজি থাকলে আর্থিক লাভের মুখ দেখতে পারে। কারণ এক্ষেত্রে কিছু সরকারি অনুদান তারা পেতে পারে। তবে মুশকিল হল, এই ব্যাপারে তিন বড় ক্রিকেট খেলিয়ে দেশ ভারত, ইংল্যান্ড ও অস্ট্রেলিয়া কতটা রাজি হবে বলা শক্ত। কারণ অলিম্পিকে খেলার জন্য যে বিশেষ সময়টুকু তাদের খালি রাখতে হবে, সেই সময়টা দ্বিপাক্ষিক সফর করে অনেক বেশি টাকা রোজগার করতে পারবে বলে তারা মনে করতে পারে। অলিম্পিকে ক্রিকেট হয়েছে একবারই, ১৯০০ সালে। সেখানেও গণ্ডগোল। শেষ মুহূর্তে নাম প্রত্যাহার করে বেলজিয়াম ও নেদারল্যান্ডস। পড়ে থাকে শুধু গ্রেট ব্রিটেন ও ফ্রান্স। দুই দলের মধ্যে হয় 'ফাইনাল' খেলা। গ্রেট ব্রিটেন ১৫৮ রানে জিতলেও, যেহেতু প্রতিযোগিতা ভালোভাবে হয়নি বললেই চলে, তাই তাদের দেওয়া হয় রৌপ্য পদক।

ক্ষুব্ধ শুভঙ্কর

ফ্র্যাঙ্কফুর্ট, ২৯ অক্টোবর : পশ্চিম ইউরোপে চলতি সারলরলুক্স ওপেনে তাঁদের প্রতি যে ব্যবহার করা হয়েছে, তা নিয়ে ক্ষোভে ফেটে পড়লেন ভারতীয় ব্যাডমিন্টন খেলোয়াড় শুভঙ্কর দে। তিনি জানিয়েছেন, এই নিয়ে আন্তর্জাতিক ব্যাডমিন্টন ফেডারেশন (বিডব্লিউএফ) ও ভারতীয় ফেডারেশনের (বাই) তদন্ত করা উচিত। শুভঙ্করের প্রধান আপত্তি, যেভাবে তাঁদের প্রতিযোগিতায় খেলতে দেওয়া হয়নি, তা কাম্য ছিল না। এই টুর্নামেন্ট খেলতে ফ্র্যাঙ্কফুর্ট পৌঁছোনোর পর ভারতীয় খেলোয়াড় লক্ষ্য সেনের পিতা ও কোচ ডিকে সেন করোনা পজিটিভ হন। যেহেতু তিন ভারতীয় খেলোয়াড় শুভঙ্কর, অজয় জয়রাম ও লক্ষ্য একই সঙ্গে এই প্রতিযোগিতায় খেলতে পৌঁছেছিলেন, সেহেতু তিনজনকেই বলা হয় নাম প্রত্যাহার করতে। শুভঙ্করের বক্তব্য, 'এমনটা কেন হবে? ডেনমার্ক ওপেনে যেমন হয়েছিল, তেমনভাবে করোনা পরীক্ষার সার্টিফিকেট নিয়ে যেতে বলা হয়নি কেন? সাংগঠনিক ভুল এবং প্রশাসনিক কড়াকড়ির জন্য আমরা খেলতে পারলাম না।'

ছক্কাই টার্গেট ছিল জাদেজার

এখনও প্লে-অফের আশা ছাড়তে নারাজ মরগ্যান

দুবাই, ২৯ অক্টোবর : রুদ্ধশ্বাস ফিনিশ। শেষ বল পর্যন্ত আকর্ষণীয় লড়াইয়ে হার মানল কলকাতা নাইট রাইডার্স। অন্তিম দুই বলে রবীন্দ্র জাদেজার জোড়া ছক্কা বাজিগড়ের দলের প্লে-অফের দৌড় কঠিন করে দিল। যে হতাশা আড়াল করতে পারেননি ইয়োন মরগ্যান। তবে এখনও আশা ছাড়তে নারাজ। বলেছেন, 'আমরা আজ ভালোই খেলেছি। ব্যাটিংয়ে এদিন উন্নতি করেছি। নীতীশ রানা দারুণ ব্যাটিং করল। স্কোরটাও ঠিক ছিল। বোলাররাও নিজেদের সবটুকু দিয়ে চেষ্টা করেছে। আসলে চেন্নাই সুপার কিংস ইনিংসের অষ্টম ওভারের পর থেকে শিশির-ফ্যাক্টর আমাদের কঠিন চ্যালেঞ্জে ফেলে দেয়। হাতে আর একটা ম্যাচ। এখনও একটা ক্ষীণ আশা রয়েছে। আপাতত রাজস্থান রয়্যালসের ম্যাচের দিকে তাকিয়ে রয়েছি।' এদিন সুযোগ তৈরি করেও শেষ দুই ওভারে তা হাতছাড়া বোলারদের ব্যর্থতায়। লকি ফার্গুসন ১৯তম ওভারে ১৯ রান দিয়ে বসেন। কমলেশ নাগারকোটির শেষ দুই বলে জোড়া ছক্কায় ম্যাচে ইতি টেনে দেন জাদেজা। তবে তরুণ পেসারের পাশেই দাঁড়ালেন মরগ্যান। নাইট অধিনায়ক বলেন, 'বোলারদের ভুল ধরতে রাজি নই আমি। নাগারকোটির হাতে ডিফেন্ড করার মতো যথেষ্ট রান ছিল না। শেষ ওভারে ১৬-১৭ রান হাতে থাকলে ঠিক ছিল। বয়স অল্প। এই ধাক্কাগুলি কাটিয়ে এগিয়ে যেতে হবে ওকে।' শেষ ল্যাপে বাজিমাত করে ম্যাচের নায়ক জাদেজা। ১১ বলে অপরাজিত ৩১-এর ম্যাচ জেতানো ইনিংস শেষে চেন্নাইয়ের স্পিন-অলরাউন্ডার বলেন, 'নেটে এই ধরনের শট খেলে থাকি। শেষদিকে সেটাই করেছি। শেষ ১২ বলে ভাবার সময় ছিল না। বল দেখো আর চালাও। নিজের শক্তির ওপর ভরসা রেখেছিলাম। জানতাম, ওরা যদি আমার নাগালের মধ্যে বল রাখে, ছক্কা হাঁকাব। ইনিংসটা খেলতে পেরে, দলকে জিতিয়ে আমি তৃপ্ত।' ছিটকে যাওয়ার পর স্বস্তির জয়ে খুশির ঝলক মহেন্দ্র সিং ধোনির মুখেও। বলেন, 'এদিন আমাদের প্ল্যান কাজ করেছে। প্রত্যেকেই মরিয়া ছিল। তার প্রতিফলন ফলাফলে। চলতি আইপিএলে জাদেজা দুর্দান্ত। দলের একমাত্র ব্যাটসম্যান যে ডেথ ওভারে ঝড় তুলছে। শুধু শক্তি নয়, ফিল্ডিং অনুযায়ী শটগুলি খেলছে ও। রুতুরাজ গায়কোয়াড়ও অত্যন্ত প্রতিভাবান। কোভিডের জন্য দিন কুড়ি বিশ্রামে কাটাতে হয়েছিল ওকে। তারপরও স্বল্প সুযোগে নিজের দক্ষতার প্রমাণ রাখল। এই আইপিএলকে স্মরণীয় করে রাখল।'

অর্ধশতরানের পর নীতীশ রানা।

মহিলাদের টি২০ চ্যালেঞ্জে নামার আগে প্রস্তুতি ঝুলন গোস্বামীর।

আজ নামছে পাকিস্তান

করাচি, ২৯ অক্টোবর : পাকিস্তান টেস্ট দলের অধিনায়কের পদ থেকে সরানো হতে পারে আজহার আলিকে। পাক ক্রিকেট মহলে তেমনই গুঞ্জন। তবে গোটা বিষয়টিকে রটনা বলে উড়িয়ে দিলেন পাক টেস্ট টিমের অধিনায়ক স্বয়ং। বৃহস্পতিবার ভার্চুয়াল কনফারেন্সে আজহার বলেন, 'নেতৃত্ব নিয়ে পাকিস্তান ক্রিকেট বোর্ড এখনও পর্যন্ত আমার সঙ্গে আলোচনা করেনি। যা শুনতে পাচ্ছি তা পুরোটাই গুজব। এই বিষয়ে বাড়তি মন্তব্য করতে চাই না।' যদিও দিনকয়েক আগে পাক বোর্ডের সিইও ওয়াসিম খান জানিয়েছিলেন, টেস্ট দলের নেতৃত্ব নিয়ে ১১ নভেম্বর তাঁরা বৈঠকে বসছেন। সেখানেই আজহারের ভাগ্য নির্ধারিত হবে, তা স্পষ্ট। আজহারের পরিবর্তে ওডিআই ও টি২০ দলের অধিনায়ক বাবর আজমকে সব ফরম্যাটে অধিনায়ক চাইছেন বোর্ডকর্তারা। তবে আলোচনায় নারাজ আজহার। বরং ক্রিকেটে মন দিতে চান তিনি। শুক্রবার দেশের মাটিতে জিম্বাবোয়ের বিরুদ্ধে ওডিআই সিরিজে প্রথম ম্যাচে নামছে পাকিস্তান। সেই সফরে ভালো ফল করলে ভাগ্যে শিকে ছিঁড়তে পারে বাবর আজমের।

বন্ধন ব্যাংক

সমৃদ্ধি আসুক ফিরে

লড়াই শেষ করে আবার লক্ষ্মীমন্ত হয়ে উঠুক জীবন, ধনধান্যভরা হোক পৃথিবী। বন্ধন ব্যাংক-এর পক্ষ থেকে রইল লক্ষ্মীপুজোর আন্তরিক শুভেচ্ছা।

সম্পাদক ঃ সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী- ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন ঃ ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ থানামোড়, জলপাইগুড়ি- ৭৩৫১০১, ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস ঃ সিলভার জুবিলি রোড, কোচবিহার- ৭৩৬১০১, ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন ঃ ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা- ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ২২১৬৯৬ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩-২৪৩৪৪৪৫/২৫২৯৬৬০।
Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in